# রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়

(গভঃ স্পনসর্ড)
স্থাপিত- ১৯৬৪
ন্যাক স্বীকৃত

রাধানগর, পোঃ- নাঙ্গুলপাড়া, জেলা- হুগলি, পিন- ৭১২৪০৬

# অভিজ্ঞান পত্র ঃ ২০২৩-২০২৪



E-mail: principal.rrm@gmail.com
Website : www.rrrmahavidyalaya.edu.in

দূরভাষ ঃ (০৩২১১) ২৬৭-০৬১
ফ্যাক্সঃ (০৩২১১) ২৬৬-২২১

প্রত্যন্ত গ্রামাঞ্চলের মানুষের সেবায় ৬০ বছর



মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা

জননেতা স্বর্গত শান্তিমোহন রায়



রাজা রামমোহন রায় -এর ২৫০ তম জন্মদিনের
উদ্বোধনী অনুষ্ঠান (সভাপতি বরণ)



সতীবেদীতে মাল্যদান করছেন পরিচালন সমিতির সভাপতি
এবং সাংসদ মাননীয়া অপরূপা পোদ্দার



শিক্ষক-শিক্ষিকাদের সাংস্কৃতিক অনুষ্ঠান



ছাত্র-ছাত্রীদের নাটক 'রাজা রামমোহন রায়'



২৫০ তম বর্ষে আলোকসজ্জিত মহাবিদ্যালয় প্রাঙ্গণ



২৫০ তম বর্ষে আলোকসজ্জিত মহাবিদ্যালয় প্রাঙ্গণ



হীরক জয়ন্তীর উদ্বোধনী অনুষ্ঠানে পরিচালন সমিতির সভাপতি
এবং সাংসদ মাননীয়া অপরূপা পোদ্দার



হীরক জয়ন্তী অনুষ্ঠানে কৃতী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধিত করছেন
পরিচালন সমিতির সভাপতি এবং সাংসদ মাননীয়া অপরূপা পোদ্দার




আই.কিউ.এ.সি-র আলোচনা সভা



রসায়ন বিভাগের আন্তর্জাতিক আলোচনাচক্র।




অঙ্ক বিভাগের জাতীয় স্তরের আলোচনাচক্র।




দেশ বিভাগ সংক্রান্ত আলোচনাচক্র।



রাজা রামমোহন রায় ষষ্ঠ স্মারক বক্তৃতা।



জাতীয়সেবা প্রকল্পের স্বাস্থ্য বিধায়ক আলোচনাচক্র।



আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠান।



হর ঘর তিরঙ্গা অনুষ্ঠানের প্রস্তুতি।

জ্ঞান শক্তির উৎস আর শিক্ষা জ্ঞানের প্রবেশ-তোরণ। এই বোধই ১৯৬৪ খ্রিস্টাব্দে খানাকুল-কৃষ্ণনগর-রাধানগর- এর মতো গ্রামাঞ্চলের ছাত্রছাত্রীদের জন্য কলেজ স্তরের শিক্ষাব্যবস্থা গড়ে তোলার প্রেরণা ছিল। তারই ফলস্বরূপ গড়ে উঠেছিল রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়।

## ১। গৌরবময় আঞ্চলিক ঐতিহ্য

রাধানগর গ্রামের যে-জায়গায় এই কলেজ, সেখান থেকে মাত্র ২০০ মিটারের মধ্যে উনিশ শতকের ভারতীয় রেনেসাঁর পথিকৃৎ রাজা রামমোহন রায়ের জন্মস্থান। তবে এ অঞ্চল আরো আগে থেকেই প্রসিদ্ধ জ্ঞানপীঠ। চতুর্দশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকেই এই অঞ্চল সংস্কৃত শিক্ষার পীঠস্থান হিসাবে স্বীকৃত ছিল।

## ২। কলেজ প্রতিষ্ঠা থেকে আজকের অবস্থা

১৯৬৪ সালে প্রবীণ স্বাধীনতা সংগ্রামী ও নিঃস্বার্থ সমাজসেবী প্রয়াত শান্তিমোহন রায়-এর নেতৃত্বে কয়েকজন উৎসাহী মানুষ স্থানীয় জনসাধারণের সক্রিয় সমর্থন ও সহযোগিতায় এই কলেজের প্রতিষ্ঠা করেন। প্রথম দিকে কলেজে নানান সমস্যার মধ্যে অন্যতম ছিল আর্থিক সমস্যা। ১৯৭২ খ্রিস্টাব্দে কলেজ 'গভর্নমেন্ট স্পনস-র্ড' হওয়ায় আর্থিক সমস্যা কিছুটা কমে। তারপর থেকে ক্রমে কলেজের পরিকাঠামোর উন্নতি হয়। কলেজের ইতিহাসের গুরুত্বপূর্ণ ঘটনাবলির বিবরণ এই অভিজ্ঞান পত্রের অন্যত্র রয়েছে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, ১৯৯০-এর দশকের দ্বিতীয়ার্ধ থেকে প্রায় এক দশক ধরে কলেজের পরিকাঠামোর উন্নতিতে স্থানীয় প্রাক্তন সাংসদ ও কলেজের পরিচালন সমিতির তৎকালীন সভাপতি শ্রী অনিল বসু মহাশয়ের "স্থানীয় সাংসদ উন্নয়ন তহবিল" থেকে প্রদত্ত অনুদানের সঙ্গে রাজ্যের শিক্ষা বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুদান ইত্যাদি যুক্ত হয়ে কলেজের আজকের পরিকাঠামোর দ্রুত উন্নতি হয়। গত কয়েক বছর ধরে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও রাজ্য সরকারের অনুদানের সঙ্গে পরিচালন সমিতির প্রাক্তন সভাপতি সেখ পারভেজ রহমান মহাশয়ের বিধায়ক উন্নয়ন প্রকল্প থেকে প্রাপ্ত অনুদান যুক্ত হয়ে মহাবিদ্যালয়ের উন্নতির ধারা অব্যাহত থেকেছে। বর্তমান সভাপতি ও সাংসদ শ্রীমতী অপরূপা পোদ্দার এই উন্নয়নের ধারা বহমান রেখেছেন। ২০১৩ সালের ২১ ফেব্রুয়ারি থেকে ২০১৪ সালের ৮ মার্চ পর্যন্ত আমরা যথোচিত মর্যাদায় মহাবিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী পালন করেছি। নিজেদের কাজকর্মের মূল্যায়ন করে আমরা আরো এগিয়ে যাওয়ার চেষ্টা করছি। ছাত্র-ছাত্রীর সংখ্যাও ক্রমশ বেড়ে চলেছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দাবির চেয়েও দ্রুত হারে। এভাবে এই মহাবিদ্যালয়ের অনুন্নত অঞ্চলে "inclusive education"-এর দাবি রূপায়ণে যথেষ্ট তৎপর একথা বলা যাচ্ছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের আনুকূল্যে গঠিত স্বশাসিত সংস্থা "জাতীয় মূল্যাঙ্কন ও মান স্বীকৃতি পরিষদ" (National Assessment and Accreditation Council : NAAC)-এর বিচারে ২০০৭ সালে এই কলেজ B+ গ্রেড (৭৭.৩ শতাংশ) নম্বর পেয়েছিল। পুনরায় মহাবিদ্যালয়ের ন্যাক পরিদর্শন (দ্বিতীয় পর্যায়/চক্র) কাজটি সম্পন্ন হয় ১৯-২১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে। মূল্যায়নের ফলস্বরূপ মহাবিদ্যালয় B গ্রেড লাভ করে (প্রাপ্ত নম্বর ২.২৩, পূর্ণমান ৪)। আমাদের আশা আমরা পঠন-পাঠন বিষয়ে আরো আধুনিক ও বাস্তবমুখী দৃষ্টিভঙ্গি গ্রহণে এগিয়ে যাব। ২০২২ সালে রাজারামমোহন রায়ের সার্ধ দ্বিশত জন্মবর্ষ উদযাপিত হয়েছে যথোচিত মর্যাদায়। ২০২৩ সালে অর্থাৎ বর্তমান বছরে মহাবিদ্যালয় হীরক জয়ন্তী বর্ষে পদার্পণ করেছে এবং এই বর্ষের উৎসব-ও সাড়ম্বরে পালিত হয়েছে।

## ৩। কলেজের অবস্থান ও কলেজে যাতায়াত

নানা জায়গা থেকে কীভাবে এই কলেজে আসা যায় সে বিষয়ে প্রাসঙ্গিক কয়েকটি তথ্য বিশেষ উল্লেখযোগ্যঃ

- নিকটতম রেল স্টেশনসমূহ - তারকেশ্বর (প্রায় ২৫ কিমি); মায়াপুর (প্রায় ২০ কিমি); আরামবাগ (প্রায় ৩০ কিমি);
- কলেজের পাশ দিয়ে গড়েরঘাট / গণেশপুর থেকে তারকেশ্বর (ভায়া দিগরুইঘাট) রাস্তায় বাস যোগাযোগ আছে;
- গড়েরঘাট (প্রায় ১০ কিমি) - মায়াপুর (প্রায় ১৮ কিমি) রাস্তা কলেজ থেকে ১.৫ কিমি দূর দিয়ে গেছে;
- মায়াপুর থেকে কলকাতা, বর্ধমান, বাঁকুড়া, মুর্শিদাবাদ, মেদিনীপুরের সঙ্গে বাস যোগাযোগ আছে;
- ব্লক হেডকোয়ার্টার - খানাকুল ১ নং ব্লক (প্রায় ৩ কিমি);
- মহকুমা শহর - আরামবাগ (প্রায় ৩০ কিমি)।

## ৪। আমাদের ব্রত - আমাদের স্বপ্ন

শিক্ষার্থীদের জীবনে সুপ্রতিষ্ঠিত ও সুস্থ মননের অধিকারী করার অভিপ্রায়ে উচ্চশিক্ষার ব্যবস্থাপনাই মহাবিদ্যা-লয়ের মূল লক্ষ্য। সমাজের সার্বিক উন্নয়নে মানবসম্পদের পূর্ণ ব্যবহার আমাদের পরম আকাঙ্ক্ষা।

**'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান নিবোধত'**

কঠোপনিষদের এই বাণীই মহাবিদ্যালয়ের মূল মন্ত্র। ভারতবর্ষের যুবসমাজকে এই মন্ত্রেই উজ্জীবনের আহ্বান জানিয়েছিলেন স্বামী বিবেকানন্দ। মন্ত্রের মর্মার্থ : ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থেমো না ।
এই উজ্জীবনী মন্ত্রই, বিবেকানন্দের এই অমৃতবাণীই মহাবিদ্যালয়ের চলার পাথেয়।

## ৫। লক্ষ্য ও উদ্দেশ্য

মহাবিদ্যালয় সংলগ্ন ৫০০ বর্গ কিমি পরিসর অঞ্চলের - বিশেষত আর্থিকভাবে দরিদ্র, তপশীলভুক্ত এবং বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর মধ্যে উচ্চশিক্ষার প্রসারই এই শিক্ষা প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। গ্রামাঞ্চলের মানুষের সার্বিক উন্নয়নের জন্য আমরা আর যেসব লক্ষ্য অর্জন করতে চাই তা হল :

১। বিজ্ঞানমনস্কতা, আধুনিক প্রযুক্তির ব্যবহার, পরিবেশ সচেতনতা;

২। নব্য ও উন্নত সাংস্কৃতিক চেতনার প্রসার, লিঙ্গসাম্যবোধের প্রসার, সামাজিক দায়িত্ববোধ ;

৩। নিরক্ষরতা দূরীকরণ, গ্রামোন্নয়নের লক্ষ্যে ব্যবহারযোগ্য প্রযুক্তি উন্নয়ন, স্থানীয় উন্নয়নে সহযোগ;

৪। ধর্মনিরপেক্ষতা ও অনগ্রসর শ্রেণিকল্যাণ, ক্রীড়াসংস্কৃতির প্রসার, রাজনীতি সচেতনতা ও নেতৃত্ব গুণের বিকাশ।

৫। বাণিজ্য ও প্রশাসন সংশ্লিষ্ট প্রাগ্রসর ধারণার বিকাশ, নিয়মানুবর্তিতা ও দেশাত্মবোধের বিকাশ, সম্পদ বৃদ্ধির প্রয়াস সম্পর্কে সচেতনতা ।

# ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৪ বছরের সাম্মানিক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী।

৬। ক) যে সমস্ত ছাত্র-ছাত্রী ২০২০/২০২১/২০২২/২০২৩ সালে কোনো স্বীকৃত কাউন্সিল/বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে।

খ) চার বছরের সাম্মানিক (Hons) স্তরে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৪৫% নম্বর ( Minimum 45% marks in aggregate) থাকতে হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical -এ পৃথকভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project-এ পৃথকভাবে পাস করতে হবে।

গ) ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের সকল নির্দেশনামা (G.O.) / বিজ্ঞপ্তি (Extant Rules) এক্ষেত্রে প্রযোজ্য হবে।

ঘ) আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার মধ্যে কোনো অবস্থাতেই ছাত্রছাত্রীদের কলেজে হাজিরা দিতে হবে না। সমস্ত প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হবে। ভর্তির ফি জমা দিতে হবে ই- পেমেন্ট- এর মাধ্যমে।

ঙ) যে সকল ছাত্রছাত্রী স্নাতক স্তরে ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের Registration করার পর পরীক্ষার Form Fill up করেনি, তারা যদি নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী এই কলেজে Intake Capacity-র মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোনো কোর্সে পুনরায় নতুনভাবে (re-admission নয়) স্নাতকস্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে একই কলেজে তারা সর্বাধিক দুবার ভর্তির সুযোগ পাবে। তাদের নতুন করে Registration করতে হবে না। আগের Registration-ই বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrolment Form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীকে এরূপ ভর্তির কারণ Self Declaration দিতে হবে।

চ) যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Vocational Business and Commerce নিয়ে পাস করেছে তারা B.Com (Hons) in Accounting & Management (Major) স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে।

ছ) স্নাতক স্তরে সাম্মানিক (Hons) কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমেস্টারে ভর্তির জন্য যে কোনো স্বীকৃত বোর্ড/কাউন্সিল/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চারটি বিষয় (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০) মেধা তালিকা তৈরিতে বিবেচিত হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical -এ আলাদাভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project-এ পৃথকভাবে পাস করতে হবে।

জ) চার বছরের সাম্মানিক স্তরের ছাত্র-ছাত্রীদের Major Subject-টি Hons Subject হিসাবে গণ্য হবে।

ঝ) Table showing the subject(s)/discipline(s) required to pass at 10+2 level in order to choose subject as major:

| Sl | Major Subject | Eligibility: Passed (10+2) level with |
|---|---|---|
| 1 | Accounting and Management | Accountancy/Maths/Statistics/Computer Sc/Business Math & Statistics/Vocational Business & Commerce |
| 2 | Bengali | Bengali |
| 3 | Botany | Bio-Science and Chemistry |
| 4 | Chemistry | Chemistry, Physics and Mathematics |
| 5 | Education | No Subject bar |
| 6 | English | English |
| 7 | Geography | Geography |
| 8 | History | No Subject bar |
| 9 | Mathematics | Mathematics, Physics and Chemistry |
| 10 | Philosophy | No Subject bar |
| 11 | Physics | Physics, Chemistry and Mathematics |
| 12 | Political Science | No Subject bar |
| 13 | Sanskrit | Sanskrit |
| 14 | Zoology | Bio-Science and Chemistry |

ঞ) ৪ বছরের সাম্মানিক স্তরে ভর্তির ক্ষেত্রে মেধাতালিকা তৈরির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চারটি বিষয়ে (প্রতিটির পূর্ণমান ১০০) মোট নম্বর এবং যে বিষয়টি Major হিসাবে আবেদন করবে সেই বিষয়ে প্রাপ্ত নম্বর ২বার যুক্ত করে Merit Score তৈরি হবে। নিয়ম অনুযায়ী যোগ্য ছাত্রছাত্রীদের আবেদনকৃত Major বিষয়টি উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় থাকলে বা না থাকলে Merit Score তৈরির ক্ষেত্রে আবেদনকৃত Major বিষয়ে প্রাপ্ত নম্বর নির্ধারণের জন্য কোন্ বিষয়টি বিবেচিত হবে তা নিচের তালিকায় দ্রষ্টব্য:

Table showing the subject at 10+2 level/Relevant certificate, marks of which is to be considered for calculation of merit score.

| Sl | Major Subject | Eligibility: Passed (10+2) level with |
|---|---|---|
| 1 | Accounting and Management | Accountancy/Maths/Statistics/Computer Sc/Business Math & Statistics/Vocational Business & Commerce |
| 2 | Bengali | Bengali |
| 3 | Botany | Bio-Science and Chemistry |
| 4 | Chemistry | Chemistry, Physics and Mathematics |
| 5 | Education | No Subject bar |
| 6 | English | English |
| 7 | Geography | Geography |
| 8 | History | No Subject bar |
| 9 | Mathematics | Mathematics, Physics and Chemistry |
| 10 | Philosophy | No Subject bar |
| 11 | Physics | Physics, Chemistry and Mathematics |
| 12 | Political Science | No Subject bar |
| 13 | Sanskrit | Sanskrit |
| 14 | Zoology | Bio-Science and Chemistry |

ট) ৪ বছরের সাম্মানিক স্তরে বিষয়ভিত্তিক মেধাতালিকায় একাধিক আবেদনকারীর merit score সমান (Tie) হলে Tie breaking-এর জন্য:-

* STEP-I: Original Merit Score-এর সঙ্গে আবেদন করা Major বিষয়ের প্রাপ্ত নম্বর পুনরায় যোগ করা হবে। আবেদন করা Major বিষয়টি যদি আবেদনকারীর ১০+২ level-এ না থাকে তাহলে উপরে উল্লিখিত তালিকায় যে বিষয়ের প্রাপ্ত নম্বর বিবেচনা করার কথা বলা আছে সেই নম্বরটি যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-II: STEP-I - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 1st best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-III: STEP-II - এর Total Merit Score -এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 2nd best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-IV: STEP-III - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 3rd best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-V: STEP-IV - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 4th best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে।

ঠ) আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রামের (৪ বছরের সাম্মানিক স্তর) সেমিস্টার অনুযায়ী (প্রথম ও দ্বিতীয়) ক্রেডিট এবং বিস্তৃত কোর্স বিভাগ অনুযায়ী ভাগ -

| Sem | Discipline Specific Courses Core (Cr. 4-6 per Course) | Minor (Cr.4 per Course) | Inter-disciplinary Courses (Cr 9). | Ability Enhancement Courses (AEC) (Language) Cr. 8 | Skill Enhancement Courses (Cr. 9)/ Internship (Cr. 2-4)/ Dissertation (Cr.12) | Common Value Added Courses (Cr. 6-8) | Total Credits |
|---|---|---|---|---|---|---|---|
| I | (100 level) 1 course Credit-4 | (100 level) 1 course Credit-4 | (1 course) Credit-3 | (1 course) $L_1$1 (MIL) (Cr.-2) | SEC (1 course) Credit-3 | (1 course) Cr. 4 | 20 |
| II | (100 level) 1 course Credit-4 | (100 level) 1 course Credit-4 | (1 course) Credit-3 | (1 course) $L_2$1 (MIL) (Cr.-2) | SEC (1 course) Cr.-3 | (1 course) Cr. 4 | 20 |
| | | | | | | | 40 |

ড) প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তির জন্য কোনো ছাত্র বা ছাত্রী তার Merit Score-এর ভিত্তিতে ক্রমতালিকা অনুযায়ী Online Portal-এর মাধ্যমে Major Subject, Minor subject ও Multi/Interdisciplinary Subject নির্বাচন করবে। First এবং Second সেমেস্টারে Minor Subject হিসাবে Major Subject-এর যে কোনো একটি allied subject নিয়ে তা থেকে দুটি কোর্স নির্বাচন করতে হবে। Multi / Interdisciplinary Course-এর ক্ষেত্রে একজন ছাত্র বা ছাত্রী তার Major এবং Minor Subject/ Discipline-এর বাইরে কোনো একটি Subject / Discipline নির্বাচন করবে। এক্ষেত্রেও নিচের তালিকাটি দ্রষ্টব্য:

LIST OF MAJOR 4 YEARS, MINOR & MULTI/INTERDISCIPLINARY SUBJECT FOR SEMESTER-1, 2023-2024

| Sl No | MAJOR SUBJECT | Minor Subject | Multi/Interdisciplinary Subject |
|---|---|---|---|
| 1 | Bengali Major 4 Yrs | Education, Philosophy, English | Any subject apart from the major & allied minor already chosen by a student. |
| 2 | English Major 4 Yrs | History, Education, Political Science | DO |
| 3 | Sanskrit Major 4 Yrs | Philosophy, Bengali, Political Science | DO |
| 4 | History Major 4 Yrs | Bengali, Philosophy, Sanskrit, Economics | DO |
| 5 | Political Science Major 4 Yrs | Education, History, English | DO |
| 6 | Philosophy Major 4 Yrs | Sanskrit, Political Science, Education | DO |
| 7 | Geography Major 4 Yrs | Economics | DO |
| 8 | Education Major 4 Yrs | Bengali, English, Political Science, Sanskrit | DO |
| 9 | Physics Major 4 Yrs | Mathematics, Chemistry, Computer Science, Zoology, Botany | DO |
| 10 | Chemistry Major 4 Yrs | Mathematics, Physics, Computer Science, Zoology, Botany | DO |
| 11 | Mathematics Major 4 Yrs | Chemistry, Computer Science, Physics | DO |
| 12 | Botany Major 4 Yrs | Zoology, Chemistry, Computer Science, Mathematics | DO |
| 13 | Zoology Major 4 Yrs | Botany, Chemistry, Computer Science, Physics, Mathematics | DO |
| 14 | Commerce Major 4 Yrs | Business Administration, Mathematics, Economics, Computer Science | DO |

* List of Multi/Interdisciplinary Subject :- Bengali, English, Sanskrit, History, Political Science, Philosophy, Economics, Geography, Education, Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Computer Science, Commerce.

ঢ) প্রত্যেক ছাত্র-ছাত্রীকে Academic Bank of Credit-এ ৭ দিনের মধ্যে অতি অবশ্যই Account Open করতে হবে।

## ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৩ বছরের স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

৭। ক) যে সমস্ত ছাত্র-ছাত্রী ২০২০/২০২১/২০২২/২০২৩ সালে কোনো স্বীকৃত কাউন্সিল/বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ৩ বছরের স্নাতক স্তরে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় পাস করলেই হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical -এ পৃথকভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project -এ পৃথকভাবে পাস করতে হবে।

গ) ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের সকল নির্দেশনামা (G.O.)/বিজ্ঞপ্তি (Extant Rules) এক্ষেত্রে প্রযোজ্য হবে।

ঘ) আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার মধ্যে কোনো অবস্থাতেই ছাত্রছাত্রীদের কলেজে হাজিরা দিতে হবে না। সমস্ত প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হবে। ভর্তির ফি জমা দিতে হবে ই-পেমেন্ট - এর মাধ্যমে।

ঙ) যে সকল ছাত্রছাত্রী স্নাতক স্তরে ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের Registration করার পর পরীক্ষার Form Fill up করেনি, তারা যদি নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী এই কলেজে Intake Capacity-র মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোনো কোর্সে পুনরায় নতুনভাবে (re-admission নয়) স্নাতকস্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে একই কলেজে তারা সর্বাধিক দুবার ভর্তির সুযোগ পাবে। তাদের নতুন করে Registration করতে হবে না। আগের Registration -ই বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrolment Form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীকে এরূপ ভর্তির কারণ Self Declaration দিতে হবে।

চ) i. Economics (Major) নিয়ে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Mathematics / Business Mathematics বিষয়ে পাস মার্কস থাকতেই হবে।

ii. যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Vocational Engineering & Technology (with pass marks in Mathematics) পাস করেছে তারা Arts/Science-এ স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে।

iii. যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Vocational agriculture নিয়ে পাস করেছে তারা Arts/Science-এ স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে।

iv. যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Vocational Business and Commerce নিয়ে পাস করেছে তারা Arts / Science-এ স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে।

v. যে সমস্ত ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় Vocational Home Science নিয়ে পাস করেছে তারা Arts/Science-এ স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে।

ছ) যে সমস্ত ছাত্রছাত্রী উপরিউক্ত Vocational Course নিয়ে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় পাস করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্বাধিক ১০ শতাংশ আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে তাদের সাধারণ বোর্ড থেকে পাস করে ভর্তির সুযোগ পাওয়া সর্বশেষ প্রার্থীর প্রাপ্ত নম্বর থেকে বেশি নম্বর পেতে হবে।

জ) ৩ বছরের স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমেস্টারে ভর্তির জন্য যে কোনো স্বীকৃত বোর্ড/ কাউন্সিল/ বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চারটি বিষয় (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ ) মেধা তালিকা তৈরিতে বিবেচিত হবে। ল্যাবরেটরি নির্ভর বিষয়ের ক্ষেত্রে Theory এবং Practical -এ আলাদাভাবে পাস করতে হবে। ল্যাবরেটরি নির্ভর নয় এমন বিষয়ের ক্ষেত্রে Theory এবং Project -এ পৃথকভাবে পাস করতে হবে।

ঝ) ৩ বছরের স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের Major Subject অনুযায়ী তাদের ডিগ্রি দেওয়া হবে।

ঞ) Table showing the subject(s)/discipline(s) required to pass at 10+2 level in order to choose subject as major:

| Sl | Major Subject | Eligibility: Passed (10+2) level with |
|---|---|---|
| 1 | Accounting and Management | Accountancy/Maths/Statistics/Computer Sc/Business Math & Statistics/Vocational Business & Commerce |
| 2 | Bengali | Bengali |
| 3 | Botany | Bio-Science and Chemistry |
| 4 | Chemistry | Chemistry, Physics and Mathematics |
| 5 | Computer Science | Computer Science/Mathematics/Statistics /Vocational Engg. & Technology with Pass in Mathematics |
| 6 | Economics | Passed in Maths/Business maths |
| 7 | Education | No Subject bar |
| 8 | English | English |
| 9 | Geography | Geography |
| 10 | History | No Subject bar |
| 11 | Mathematics | Mathematics, Physics and Chemistry |
| 12 | Philosophy | No Subject bar |
| 13 | Physics | Physics, Chemistry and Mathematics |
| 14 | Political Science | No Subject bar |
| 15 | Sanskrit | Sanskrit |
| 16 | Physical Education | No Subject Bar |
| 17 | Zoology | Bio-Science and Chemistry |

ট) ৩ বছরের স্নাতক স্তরে ভর্তির ক্ষেত্রে মেধাতালিকা তৈরির জন্য উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চারটি বিষয়ে (প্রতিটির পূর্ণমান ১০০) মোট নম্বর এবং যে বিষয়টি Major হিসাবে আবেদন করবে সেই বিষয়ে প্রাপ্ত নম্বর ২বার যুক্ত করে Merit Score তৈরি হবে। নিয়ম অনুযায়ী যোগ্য ছাত্রছাত্রীদের আবেদনকৃত Major বিষয়টি উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় থাকলে বা না থাকলে Merit Score তৈরির ক্ষেত্রে আবেদনকৃত Major বিষয়ে প্রাপ্ত নম্বর নির্ধারণের জন্য কোন বিষয়টি বিবেচিত হবে তা নিচের তালিকায় দ্রষ্টব্য:

Table showing the subject at 10+2 level/Relevant certificate, marks of which is to be considered for calculation of merit score.

| Sl | Major Subject | Eligibility: Passed (10+2) level with |
|---|---|---|
| 1 | Accounting and Management | Accountancy/Maths/Statistics/Computer Sc/Business Math & Statistics/Vocational Business & Commerce whichever is higher |
| 2 | Bengali | Bengali |
| 3 | Botany | Bio-Science |
| 4 | Chemistry | Chemistry |
| 5 | Computer Science | Computer Science/Mathematics/Statistics /Vocational Engg. & Technology with Pass in Mathematics whichever is higher |
| 6 | Economics | Economics/Maths/Business maths |
| 7 | Education | Education/Bengali/English whichever is higher |
| 8 | English | English |
| 9 | Geography | Geography |
| 10 | History | History/Bengali/English whichever is higher |
| 11 | Mathematics | Mathematics |
| 12 | Philosophy | Philosophy/Bengali/English whichever is higher |
| 13 | Physics | Physics |
| 14 | Political Science | Political Science/Bengali/English whichever is higher |
| 15 | Physical Education | Physical Education/Bengali/English whichever is higher |
| 16 | Sanskrit | Sanskrit |
| 17 | Zoology | Bio-Science |

ঠ) ৩ বছরের স্নাতক স্তরে বিষয়ভিত্তিক মেধাতালিকায় একাধিক আবেদনকারীর merit score সমান (Tie) হলে Tie breaking-এর জন্য:-

* STEP-I: Original Merit Score-এর সঙ্গে আবেদন করা Major বিষয়ের প্রাপ্ত নম্বর পুনরায় যোগ করা হবে। আবেদন করা Major বিষয়টি যদি আবেদনকারীর ১০+২ level-এ না থাকে তাহলে উপরে উল্লিখিত তালিকায় যে বিষয়ের প্রাপ্ত নম্বর বিবেচনা করার কথা বলা আছে সেই নম্বরটি যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-II: STEP-I - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 1st best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-III: STEP-II - এর Total Merit Score -এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 2nd best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-IV: STEP-III - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 3rd best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে। তার পরও Tie হলে -

* STEP-V: STEP-IV - এর Total Merit Score-এর সঙ্গে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত চারটি বিষয়ের (প্রতিটির পূর্ণমান ১০০ ) মধ্যে 4th best বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করা হবে।

ড) আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রামের (৩ বছরের সাম্মানিক স্তর) সেমিস্টার অনুযায়ী (প্রথম ও দ্বিতীয়) ক্রেডিট এবং বিস্তৃত কোর্স বিভাগ অনুযায়ী ভাগ -

| Sem | Discipline Specific Courses Core (Cr. 4-6 per Course) | Minor (Cr.4 per Course) | Inter-disciplinary Courses (Cr 9). | Ability Enhancement Courses (AEC) (Language) Cr. 8 | Skill Enhancement Courses (Cr. 9)/ Internship (Cr. 2-4)/ Dissertation (Cr.12) | Common Value Added Courses (Cr. 6-8) | Total Credits |
|---|---|---|---|---|---|---|---|
| I | (100 level) 1 course Credit-4 | (100 level) 1 course Credit-4 | (1 course) Credit-3 | (1 course) $L_1 1$ (MIL) (Cr.-2) | SEC (1 course) Credit-3 | (1 course) Cr. 4 | 20 |
| II | (100 level) 1 course Credit-4 | (100 level) 1 course Credit-4 | (1 course) Credit-3 | (1 course) $L_2 1$ (MIL) (Cr.-2) | SEC (1 course) Cr.-3 | (1 course) Cr. 4 | 20 |
| | | | | | | | 40 |

ঢ) প্রথম বর্ষের প্রথম সেমেস্টারে ভর্তির জন্য কোনো ছাত্র বা ছাত্রী তার Merit Score-এর ভিত্তিতে ক্রমতালিকা অনুযায়ী Online Portal-এর মাধ্যমে Major Subject, Minor subject ও Multi/Interdisciplinary Subject নির্বাচন করবে। First এবং Second সেমেস্টারে Minor Subject হিসাবে Major Subject-এর যে কোনো একটি allied subject নিয়ে তা থেকে দুটি কোর্স নির্বাচন করতে হবে। Multi / Interdisciplinary Course-এর ক্ষেত্রে একজন ছাত্র বা ছাত্রী তার Major এবং Minor Subject/ Discipline-এর বাইরে কোনো একটি Subject / Discipline নির্বাচন করবে। এক্ষেত্রেও নিচের তালিকাটি দ্রষ্টব্য:

LIST OF MAJOR 3 YEARS, MINOR & MULTI/INTERDISCIPLINARY SUBJECT FOR SEMESTER-1, 2023-2024

| Sl No | MAJOR SUBJECT | Minor Subject | Multi/Interdisciplinary Subject |
|---|---|---|---|
| 1 | Bengali Major 3 Yrs | Education, Philosophy, English | Any subject apart from the major & allied minor already chosen by a student. |
| 2 | English Major 3 Yrs | History, Education, Political Science | DO |
| 3 | Sanskrit Major 3 Yrs | Philosophy, Bengali, Political Science | DO |
| 4 | History Major 3 Yrs | Bengali, Philosophy, Sanskrit, Economics | DO |
| 5 | Political Science Major 3 Yrs | Education, History, English | DO |
| 6 | Philosophy Major 3 Yrs | Sanskrit, Political Science, Education | DO |
| 7 | Geography Major 3 Yrs | Economics | DO |
| 8 | Education Major 3 Yrs | Bengali, English, Political Science, Sanskrit | DO |
| 9 | Physical Education Major 3 Yrs | Bengali, Education, English, Sanskrit | DO |
| 10 | Economics Major 3 Yrs | Mathematics, Chemistry, Computer Science, Zoology, Botany | DO |
| 11 | Physics Major 3 Yrs | Mathematics, Chemistry, Computer Science, Zoology, Botany | DO |
| 12 | Chemistry Major 3 Yrs | Mathematics, Physics, Computer Science, Zoology, Botany | DO |
| 13 | Mathematics Major 3 Yrs | Chemistry, Computer Science, Physics | DO |
| 14 | Botany Major 3 Yrs | Zoology, Chemistry, Computer Science, Mathematics | DO |
| 15 | Zoology Major 3 Yrs | Botany, Chemistry, Computer Science, Physics, Mathematics | DO |
| 16 | Computer Sc. Major 3 Yrs | Physics, Chemistry, Mathematics | DO |
| 17 | Commerce Major 3 Yrs | Business Administration, Mathematics, Economics, Computer Science | DO |

* List of Multi/Interdisciplinary Subject :- Bengali, English, Sanskrit, History, Political Science, Philosophy, Economics, Geography, Education, Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Computer Science, Commerce.

গ) প্রত্যেক ছাত্র-ছাত্রীকে Academic Bank of Credit-এ ৭ দিনের মধ্যে অতি অবশ্যই Account Open করতে হবে।

# SEAT CAPACITY FOR B.A./B.SC./B.COM. 4 YEARS MAJOR 2023-2024

| Sl No | Subject | Gen (45%) | | EWS (10%) | | SC (22%) | | ST (6%) | | OBC-A (10%) | | OBC-B (7%) | | Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | UR | UR PWD | EWS | EWS PWD | SC | SC-PWD | ST | ST-PWD | OBC-A | OBC-A-PWD | OBC-B | OBC-B-PWD | |
| 1 | Bengali Major 4 Yrs | 47 | 2 | 10 | 1 | 23 | 1 | 7 | 0 | 10 | 1 | 8 | 0 | 110 |
| 2 | English Major 4 Yrs | 47 | 2 | 10 | 1 | 23 | 1 | 7 | 0 | 10 | 1 | 8 | 0 | 110 |
| 3 | Sanskrit Major 4 Yrs | 38 | 2 | 9 | 0 | 19 | 1 | 5 | 0 | 9 | 0 | 6 | 0 | 89 |
| 4 | History Major 4 Yrs | 48 | 3 | 10 | 1 | 24 | 1 | 7 | 0 | 10 | 1 | 8 | 0 | 113 |
| 5 | Political Science Major 4 Yrs} | 33 | 2 | 8 | 0 | 16 | 1 | 5 | 0 | 8 | 0 | 5 | 0 | 78 |
| 6 | Philosophy Major 4 Yrs | 28 | 1 | 6 | 0 | 13 | 1 | 4 | 0 | 6 | 0 | 4 | 0 | 63 |
| 7 | Geography Major 4 Yrs | 26 | 1 | 6 | 0 | 12 | 1 | 4 | 0 | 8 | 0 | 5 | 0 | 63 |
| 8 | Education Major 4 Yrs | 32 | 2 | 8 | 0 | 16 | 1 | 5 | 0 | 8 | 0 | 5 | 0 | 77 |
| 9 | Physics Major 4 Yrs | 15 | 1 | 4 | 0 | 8 | 0 | 2 | 0 | 4 | 0 | 3 | 0 | 37 |
| 10 | Chemistry Major 4 Yrs | 19 | 1 | 4 | 0 | 9 | 1 | 3 | 0 | 4 | 0 | 3 | 0 | 44 |
| 11 | Mathematics Major 4 Yrs | 21 | 1 | 5 | 0 | 10 | 1 | 3 | 0 | 5 | 0 | 3 | 0 | 49 |
| 12 | Botany Major 4 Yrs | 13 | 1 | 3 | 0 | 7 | 0 | 2 | 0 | 3 | 0 | 2 | 0 | 31 |
| 13 | Zoology Major 4 Yrs | 13 | 1 | 3 | 0 | 7 | 0 | 2 | 0 | 3 | 0 | 2 | 0 | 31 |
| 14 | Accountancy Major 4 Yrs | 38 | 2 | 9 | 0 | 19 | 1 | 5 | 0 | 9 | 0 | 6 | 0 | 89 |

# SEAT CAPACITY FOR B.A./B.SC./B.COM. 3 YEARS MAJOR 2023-2024

| Sl No | Subject | Gen (45%) | | EWS (10%) | | SC (22%) | | ST (6%) | | OBC-A (10%) | | OBC-B (7%) | | Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | UR | UR PWD | EWS | EWS PWD | SC | SC-PWD | ST | ST-PWD | OBC-A | OBC-A-PWD | OBC-B | OBC-B-PWD | |
| 1 | Bengali Major 3 Yrs | 94 | 5 | 21 | 1 | 47 | 2 | 12 | 1 | 21 | 1 | 14 | 1 | 220 |
| 2 | English Major 3 Yrs | 26 | 1 | 6 | 0 | 12 | 1 | 4 | 0 | 6 | 0 | 4 | 0 | 60 |
| 3 | Sanskrit Major 3 Yrs | 26 | 1 | 6 | 0 | 12 | 1 | 4 | 0 | 6 | 0 | 4 | 0 | 60 |
| 4 | History Major 3 Yrs | 66 | 4 | 15 | 1 | 32 | 2 | 9 | 0 | 15 | 1 | 10 | 1 | 156 |
| 5 | Political Science Major 3 Yrs} | 67 | 4 | 15 | 1 | 33 | 2 | 9 | 0 | 15 | 1 | 10 | 1 | 158 |
| 6 | Philosophy Major 3 Yrs | 39 | 2 | 9 | 0 | 19 | 1 | 5 | 0 | 9 | 0 | 6 | 0 | 90 |
| 7 | Geography Major 3 Yrs | 25 | 1 | 6 | 0 | 12 | 1 | 3 | 0 | 6 | 0 | 4 | 0 | 58 |
| 8 | Education Major 8 Yrs | 64 | 3 | 14 | 1 | 31 | 2 | 9 | 0 | 14 | 1 | 10 | 1 | 150 |
| 9 | Physical Education Major 3 Yrs | 76 | 4 | 17 | 1 | 37 | 2 | 10 | 1 | 17 | 1 | 11 | 1 | 178 |
| 10 | Economics Major 3 Yrs | 21 | 1 | 5 | 0 | 10 | 1 | 3 | 0 | 5 | 0 | 4 | 0 | 50 |
| 11 | Physics Major 3 Yrs | 17 | 1 | 4 | 0 | 9 | 0 | 2 | 0 | 4 | 0 | 3 | 0 | 40 |
| 12 | Chemistry Major 3 Yrs | 17 | 1 | 4 | 0 | 9 | 0 | 2 | 0 | 4 | 0 | 3 | 0 | 40 |
| 13 | Mathematics Major 3 Yrs | 17 | 1 | 4 | 0 | 9 | 0 | 2 | 0 | 4 | 0 | 3 | 0 | 40 |
| 14 | Botany Major 3 Yrs | 21 | 1 | 5 | 0 | 10 | 1 | 3 | 0 | 5 | 0 | 3 | 0 | 49 |
| 15 | Zoology Major 3 Yrs | 21 | 1 | 5 | 0 | 10 | 1 | 3 | 0 | 5 | 0 | 3 | 0 | 49 |
| 16 | Computer Sc. Major 3 Yrs | 17 | 1 | 4 | 0 | 9 | 0 | 2 | 0 | 4 | 0 | 3 | 0 | 40 |
| 17 | Commerce Sc. Major 3 Yrs | 75 | 4 | 17 | 1 | 37 | 2 | 10 | 1 | 17 | 1 | 11 | 1 | 177 |

## ৮। এন.সি.সি. এবং এন. এস. এস. NCC (National Cadet Crops) and NSS (National Service Scheme)

এই কলেজে ছাত্র ও ছাত্রীদের এন সি সি (ন্যাশানাল ক্যাডেট ক্রপস্) ও এন এস এস (ন্যাশানাল সার্ভিস স্কীম)-এ যোগ দেওয়ার ব্যবস্থা আছে। প্রত্যেক ছাত্রছাত্রী এই দুটির যে কোনো একটিতে যোগ দিতে পারে। কলেজের পঠন-পাঠনের সময়ের আগে / পরে NCC ANO এবং NSS PO-দের তত্ত্বাবধানে ছাত্রছাত্রীরা এন সি সি ও এন এস এস-এর কাজ করে। বিগত কয়েক বছরে এন সি সি-র ক্যাডেটরা বিশেষ সাফল্য দেখিয়েছে, দিল্লিতে রিপাবলিক ডে প্যারেডে যোগ দেওয়ারও সুযোগ পেয়েছে। NSS-এর ছাত্রছাত্রীরা শ্রীপেরমপুদুরে জাতীয় সংহতি শিবিরে অংশ নিয়েছে।

NCC লেফট্যানন্ট শ্রীযুক্ত বিদ্যুৎ হালদার DG NCC Commendation Card, 2022 পুরস্কারে সম্মানিত হয়েছেন। জাতীয় সেবা প্রকল্প (NSS) কর্তৃক আয়োজিত সাহসিকতা শিবির (" হিমাচল প্রদেশে ")পরিচালনার দায়িত্ব পালন করেছেন অধ্যাপিকা বসিরা পারভিন।

## ৯। যুব সংসদ (Youth Parliament)

ছাত্রছাত্রীদের দেশের গণতান্ত্রিক প্রক্রিয়ায় যুক্ত হওয়ার উপযোগী করে তোলার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত যুব সংসদ (Youth Parliament) বিষয়ে জেলাভিত্তিক ও রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় যোগ দিতে পাঠানো হয়।

## ১০। মাসিক বেতন ও নানাবিধ ফি (Tution Fee and Other Fees)

ভর্তির সময়ে দু মাসের বেতন ও অন্যান্য ফি দিয়ে ভর্তি হতে হয়। পরবর্তী সময়ে নিয়মিতভাবে মাসে মাসে অন্যান্য ফি জমা দিতে হয়। বর্তমানে বিভিন্ন খাতে ফি-এর পরিমাণ ২১ পৃষ্ঠায় দেওয়া হল।

## ১১। নানারকম বৃত্তি, বেতন ছাড় ইত্যাদি (Scholarships and Concessions etc.)

যোগ্য শিক্ষার্থীরা যাতে জাতীয় মেধা বৃত্তি এবং SC/ST/OBC/PH-দের জন্য নির্ধারিত বৃত্তি এবং অন্যান্য বিভিন্ন বৃত্তি পেতে পারে তার জন্য কলেজ সহযোগিতা করে। এছাড়া পরীক্ষায় ভালো ফলের স্বীকৃতি জানানোর জন্য কয়েকটি বৃত্তি দেওয়া হয় :

- ✓ ঐশী পুরস্কার;
- ✓ বিশ্বমোহন-সরস্বতী স্মৃতি পুরস্কার ;
- ✓ গোষ্ঠবিহারী-মৃণালিনী স্মৃতি পুরস্কার;
- ✓ যজ্ঞেশ্বর - স্বর্ণময়ী স্মৃতি বৃত্তি;
- ✓ কমলা বসু স্মৃতি বৃত্তি।

এছাড়া দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের আংশিক বেতন ছাড়ের ব্যবস্থা আছে। এজন্য ক্লাস শুরু হওয়ার তিন মাসের মধ্যে আবেদন করতে হবে। এভাবে ছাত্রছাত্রীদের দেয় মোট বেতনের ১০% ছাড় দেওয়া হয়। এছাড়া দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের জন্য Students' Aid Fund (SAF) থেকে কিছু সাহায্য করা হয়। সেজন্য ক্লাস শুরু হওয়ার ছয় মাসের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। SC/ST/OBC/Minority / PH / অন্য কোনো বৃত্তিপ্রাপক ছাত্রছাত্রীরা বেতন মকুবের বা SAF সাহায্যে সুযোগ পাবে না। তবে তারা ভর্তির সময় প্রথম দুমাসের বেতন ও অন্যান্য দেয় টাকা জমা দিলে বৃত্তির টাকা পাওয়ার পর বাকি ১০ মাসের বেতন দিতে পারবে। অবশ্য বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার আবেদনপত্র পূরণ করার আগে বৃত্তির টাকা না পেলেও সমস্ত বেতন জমা দিতে হবে।

## ১২। স্টুডেন্টস হেলথ হোম (Students' Health Home )

সমস্ত ছাত্রছাত্রী Students' Health Home- এর আরামবাগ আঞ্চলিক কেন্দ্রে যোগ দিয়ে চিকিৎসার সুযোগ নিতে পারবে। প্রয়োজনে এবং ঐ কেন্দ্রের চিকিৎসকদের উপদেশক্রমে তারা কলকাতায় Students' Health Home-এর চিকিৎসাও পেতে পারবে।

## ১৩। কলেজের পত্রিকা (College Magazine)

কলেজের বিভিন্ন বিভাগ দেওয়াল পত্রিকা প্রকাশ করে। এছাড়া প্রতি বছর কলেজের বার্ষিক পত্রিকা 'নবাঙ্কুর' প্রকাশিত হয়। প্রধানত ছাত্রছাত্রীদের জন্য লেখায় সমৃদ্ধ এই পত্রিকা সম্পাদনায় শিক্ষক-শিক্ষিকারাও সহায়তা করেন।

## ১৪। ছাত্রাবাস ও ছাত্রী-আবাস (Boys' and Girls' Hostel for Students')

কলেজে ছাত্র ও ছাত্রীদের জন্য আলাদা আলাদা ছাত্রাবাস ও ছাত্রী-আবাস আছে। দুটিতে আসনসংখ্যা যথাক্রমে ৬০ ও ৪০। এই দুটি আবাসের জন্য দুজন সুপারিনটেনডেন্ট আছেন। এখানে থাকতে হলে সুপারিনটেনডেন্টের কাছে আলাদাভাবে আবেদন করতে হয়। নির্বাচিত ছাত্রছাত্রীরা '২ মাসের সিট রেন্ট' ও যথোপযুক্ত অন্যান্য ফি দিয়ে হোস্টেলে ভর্তি হতে পারে। বাকি 'সিট রেন্ট' তিন মাস অন্তর দিতে হবে। SC/ST ছাত্রছাত্রীরা বৃত্তির টাকা পাওয়ার পর 'সিট রেন্ট-এর বাকি অংশ একবারে দিতে পারবে। অবশ্য বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার আবেদনপত্র পূরণ করার আগে বৃত্তির টাকা না পেলেও সমস্ত ফি দিয়ে দিতে হবে। ছাত্রাবাসে ভর্তি হলে কমপক্ষে ছমাস থাকতে হবে। এই আবাসগুলি পুজোর ছুটির সময় এবং কোনো কারণে সরকার কলেজ অধিগ্রহণ করলে সম্পূর্ণভাবে বন্ধ থাকে। অন্যান্য নিয়মাবলি জানার জন্য ছাত্র-ছাত্রীদের হোস্টেল সুপারিনটেনডেন্টদের সঙ্গে কথা বলে ভর্তি হতে বলা হচ্ছে।

১৫। গ্রন্থাগার ও তৎসংলগ্ন পড়ার ঘর (Library and Reading Room)

কলেজে বেশ বড়ো একটা কেন্দ্রীয় গ্রন্থাগার ও অনেকগুলি বিভাগের বিভাগীয় গ্রন্থাগার আছে। নানা বিষয়ের বই ছাড়াও কেন্দ্রীয় গ্রন্থাগারে এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকাসহ কয়েকটা বিশ্বকোষ আছে। স্নাতক স্তরের উপযুক্ত কয়েকটা জার্নাল এবং অধিকাংশ জনপ্রিয় দৈনিক খবরের কাগজ গ্রন্থাগারে থাকে। গ্রন্থাগারের ভিতরে ঢুকে ছাত্রছাত্রীদের বই পছন্দ করার কিছু সুযোগ দেওয়া হয়। এছাড়া গ্রন্থাগারে কম্পিউটারে ইন্টারনেট সংযোগ আছে এবং কলেজের সংশ্লিষ্ট সকলেই তা সীমিতভাবে ব্যবহার করতে পারে। গ্রন্থাগার-সংলগ্ন পড়ার ঘরে ৪০ জন ছাত্রছাত্রীর পড়ার জায়গা আছে। গ্রন্থাগার ও পড়ার ঘর ব্যবহারের বিস্তৃত নিয়মাবলি গ্রন্থাগ-ারিকদের কাছে জানা যাবে। বিভাগীয় গ্রন্থাগারের নিয়মাবলি বিভাগীয় শিক্ষক / শিক্ষিকা / শিক্ষাকর্মীদের কাছে জানা যাবে।

১৬। ফটোকপি ও ল্যামিনেশন কেন্দ্র (Xerox I Lamination Centre)

কলেজের নিজস্ব Xerox Centre আছে।

১৭। পরীক্ষাগার (Laboratory)

কলেজের পদার্থবিদ্যা, রসায়ন বিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, কম্পিউটার বিদ্যা, শারীরশিক্ষা ও ভূগোল বিভাগের পরীক্ষাগারে যথাযথ পরিমাণে যন্ত্রপাতি ইত্যাদি আছে। সম্প্রতি প্রতি বিভাগের পরীক্ষাগার নতুন ব্যবস্থাপনায় আরো উন্নত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, রসায়ন বিভাগের পরীক্ষাগারে অ্যাপ্রন পরা বাধ্যতামূলক ।

১৮। প্রেক্ষাগৃহ (Auditorium)

কলেজের শান্তিমোহন রায় স্মৃতি ভবনের একতলায় একটা বড়ো Auditorium আছে। সেখানে প্রায়শই নানা সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সভা হয় ।

১৯। ব্যায়ামাগার (Gymnasium) ও খেলার মাঠ (Play Ground)

কলেজের মূল ভবনের একতলায় নানা-ব্যবস্থা-যুক্ত ব্যায়ামাগারে (Multi-gym) ব্যায়ামের অত্যাধুনিক নানা যন্ত্রপাতি আছে। কলেজের সঙ্গে যুক্ত সকলে নামমাত্র খরচে এই ব্যায়ামাগার ব্যবহার করতে পারেন।

